

অনলাইনে টিচিং-ট্রেনিং

স্টাফ রিপোর্টার : অনলাইনে দেশের শিক্ষকদের ক্লাসের মান আরও উন্নত করার লক্ষ্যে দু'সপ্তাহের একটি কোর্স (ফ্যাকাল্টি ডেভেলপমেন্ট প্রোগ্রাম) চালু করল নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় ও কমনওয়েলথ এডুকেশনাল মিডিয়া সেন্টার ফর এশিয়া। কোর্সটি পুরোপুরি ফ্রি। আগামীদিনেও এটি চালু থাকবে। গত ১৮ মে কোর্সের সূচনা করেন ইগনু-র ভাইস চ্যান্সেলর অধ্যাপক নাগেশ্বর রাও। ছিলেন নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক শুভ শঙ্কর সরকার। ট্রেনিংয়ের জন্য দেশের প্রায় ২০০ জন শিক্ষক নাম নথিভুক্ত করিয়েছেন। রয়েছেন পাঁচজন ট্রেনার। কোর্সের অন্যতম ট্রেনার নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক অনির্বাণ ঘোষ জানান, শিক্ষকরা যাতে অনলাইনে লেকচার ভিডিও, প্রেজেন্টেশন তৈরি করে তা আপলোড করতে পারেন, সেই স্কিল গড়াই এই কোর্সের আসল উদ্দেশ্য।